



# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

## ॥প্রেস বিজ্ঞপ্তি॥

### মহান বিজয় দিবস উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র কুরআনখানী, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঢাকা, ১৬ ডিসেম্বর ২০১৮, রবিবার ॥

মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আজ (১৬ ডিসেম্বর, রবিবার) সকাল ১০.০০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র কুরআনখানী, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। এ সময় মহান মুক্তিযুদ্ধে শাহাদাতবরণকারী সকল শহীদদের রহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। মিলাদ ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মাওলানা মুফতি মিজানুর রহমান।

মুনাজাতে স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। এছাড়া দেশ ও জাতির কল্যান ও সমৃদ্ধি কামনা করেও মুনাজাত করা হয়।

দোয়া ও মুনাজাতের আগে মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নুরুল ইসলাম, মসজিদ ও মার্কেট বিভাগের পরিচালক মুহাম্মদ মহীউদ্দিন মজুমদার ও দ্বিতীয় দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক ডঃ মোহাম্মদ হারুনুর রশীদ বক্তব্য রাখেন। মুনাজাতে ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারি ও সাধারণ মুসলীগণ অংশগ্রহণ করেন।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬